

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০৩.১৭.৭১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬

০১ মার্চ ২০২০

বিষয়: বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস-এর হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ।

সূত্র: 01-09-12-18

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ ধারা অনুযায়ী বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত কার্যপরিধি অনুযায়ী তোফাইল আহমেদ এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস, শান্তিনগর প্লাজা (৫ম তলা), ১২৪/৮, কাকরাইল রোড, ঢাকা-কে অডিটর নিয়োগে সরকার অনুমোদন প্রদান করেছে:

২. বিশ্ববিদ্যালয়ের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুতকালে নিম্নলিখিত বিষয়াদি আবশ্যিকভাবে সম্পাদন করতঃ প্রচলিত অন্যান্য অডিট কার্যক্রম নিষ্পন্ন করে যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে অডিট রিপোর্ট প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

#### কার্যপরিধিঃ

- (১) বিশ্ববিদ্যালয়ের আয় ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;
- (২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;
- (৩) সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;
- (৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;
- (৫) বিশ্ববিদ্যালয়ে আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;
- (৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধ করে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাঁপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কি-না তা নিশ্চিত করা;
- (৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;
- (৮) ব্যাংকের হিসাব/হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা;
- (৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;
- (১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;
- (১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;
- (১২) VAT, IT আর্থিক বিধি মাফিক কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;
- (১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন ব্যক্তি বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা।
- (১৪) এছাড়াও বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৪৫(১) ধারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা।



১-৩-২০২০

আ.ন.ম. তরিকুল ইসলাম  
উপসচিব

চেয়ারম্যান

বোর্ড অব ট্রাস্টিজ বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ

সায়েন্সেস ১২৫/১, দারুস সালাম মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০৩.১৭.৭১/১(৩)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬  
০১ মার্চ ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।



১-৩-২০২০

আ.ন.ম. তরিকুল ইসলাম  
উপসচিব